

## বাংলাদেশী অস্ট্রেলিয়ান ওয়েলফেয়ার সোসাইটির অভিষেক অনুষ্ঠিত

গত ২রা আগস্ট, নব গঠিত বাংলাদেশী অস্ট্রেলিয়ান ওয়েলফেয়ার সোসাইটির প্রথম কার্যকরী পরিষদের অভিষেক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিলো মিন্টোর পুলিশ কমিউনিটি ইয়থ ক্লাবে। অনুষ্ঠানে কেম্বেলটাউন সিটি কাউনসিলের ডিপুটি মেওর এনালক চান্টিভাং উপস্থিত ছিলেন।

শুরুতে সংগঠনের সাধারণ সম্পাদক আনিছুর রহমান সোসাইটির উদ্দেশ্য ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে বক্তব্য রাখেন। এই অনুষ্ঠানের মাধ্যমে উপস্থিত দর্শক শ্রোতাদের সাথে কার্যকরী পরিষদের সদস্য বৃন্দের পরিচিতি এবং মত বিনিময়ের সুযোগ সৃষ্টি হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনপুরা ছবির নির্মাতা জনাব গিয়াসউদ্দিন সেলিম। তিনি তার বক্তব্যে বলেন আপনাদের সকলকে দেখে মনে হচ্ছে আমি বাংলাদেশেই আছি। একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অভিষেক অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।



**কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ:** প্রথম লাইনের বামে থেকে - মোঃ ইকবাল জুয়েল (সদস্য), ছাদিকুর রহমান মুন (সদস্য), নজরুল ইসলাম সাইদ (সদস্য), ইসমাইল মিয়া (সভাপতি) আসিফ ইকবাল (স্টুডেন্ট অ্যাফেয়ার্স সেক্রেটারী) মাছূদ চৌঃ (সদস্য)

পেছনের লাইনের ডানে থেকে মোঃ মনিরুল ইসলাম (সাংস্কৃতিক সম্পাদক), জহিরুল হক ভুইইয়া (ক্রিড়া সম্পাদক), কামরুজ্জামান বাপ্পী (সদস্য), সফিকুল ইসলাম চৌঃ (সিঃ সহ সভাপতি), আনিছুর রহমান (সাধারণ সম্পাদক)